**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন যে রাশিয়ার ইউক্রেন হামলার এক বছর পূর্তি উপলক্ষে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে নীল ও হলুদ আলোয় আলোকিত করা হবে

## স্টেটের 13টি ল্যান্ডমার্ক 24 ফেব্রুয়ারি, শুক্রবার সন্ধ্যায় আলোকিত করা হবে

***নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটল ভবনে ইউক্রেনের পতাকা উড়ানোর নির্দেশ***

***গভর্নর ইউক্রেনের মানুষের প্রতি নিউ ইয়র্ক স্টেটের সমর্থন পুনরায় নিশ্চিত করলেন***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে রাশিয়ার ইউক্রেন হামলার এক বছর পূর্তি উপলক্ষে 24 ফেব্রুয়ারি স্টেটের ল্যান্ডমার্কসমূহকে নীল ও হলুদ আলোয় আলোকিত করা হবে। এছাড়াও গভর্নর ইউক্রেনের মানুষের সাথে ঐক্য প্রদর্শন করতে নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটল ভবনে ইউক্রেনের পতাকা উড়ানোর নির্দেশ দিলেন।

"নিউ ইয়র্ক স্টেট ইউক্রেনের পাশেই আছে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ ইউক্রেনিয়ান সম্প্রদায় হতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "এই অন্যায় যুদ্ধের শিকারদের জন্য আমরা প্রার্থনা করছি, এবং আগামীকাল, রাশিয়ান হামলার এক বছর পূর্তির দিনে ইউক্রেনের প্রয়াত নিউ ইয়র্কের সমর্থন প্রদর্শন করতে আমরা ইউক্রেনের পতাকা উড়াবো এবং স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করবো।"

রাশিয়ার ইউক্রেন হামলার এক বছর পূর্তি উপলক্ষে স্টেটের যে ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে:

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার

- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল

আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services, DFS) যাতে রাশিয়ার বিরুদ্ধে স্যাংশনসমূহকে আরো বলিষ্ঠভাবে প্রয়োগ করতে পারে তার জন্য 2022 সালের মার্চের শুরুর দিকে গভর্নর হোকল ব্যবস্থা ঘোষণা করেন, যার মধ্যে রয়েছে ত্বরান্বিতভাবে বাড়তি ব্লকচেইন বিশ্লেষণ প্রযুক্তি সংগ্রহ করা। এছাড়াও গত বছর গভর্নর ইউক্রেনের অধিবাসীদের জন্য সংস্থান এবং নিউ ইয়র্কবাসীরা কীভাবে সাহায্য করতে পারে তার জন্য একটি ওয়েবসাইট শুরু করেন।

ইউক্রেনের মানুষের পাশে দাঁড়াতে স্টেটের এজেন্সিসমূহ যে পদক্ষেপ গ্রহণ করেছে সেই ব্যাপারে আরো তথ্য নিচে দেওয়া হলো:

## নিউ আমেরিকানস অফিস (Office of New Americans, ONA)

- **ONA ইউক্রেনের অভিবাসীদের চাকরির প্রশিক্ষণ ও কাজের সুযোগের জন্য প্রফেশনাল পাথওয়েজ কর্মসূচির (Professional Pathways Program) মাধ্যমে পেশাদার পথের সাথে সংযুক্ত করে দেয়:**

  - ONA এর প্রফেশনাল পাথওয়েজ কর্মসূচি নতুন আমেরিকানদেরকে তাদের দক্ষতা ও অভিজ্ঞতার সাথে মানানসই চাকরি খুঁজে দেওয়ার জন্য উচ্চ দক্ষতার অভিবাসীদের পেশাদার প্রশিক্ষণ ও চাকরির কোচিং প্রদান করে। উচ্চ দক্ষতার অভিবাসীদের জন্য ONA এর প্রফেশনাল পাথওয়েজ কর্মসূচির শীর্ষ এজেন্সি আপয়ার্ডলি গ্লোবাল অনুযায়ী, 2022 সালে আটজন ইউক্রেনের অধিবাসী চাকরি সন্ধানী এই কর্মসূচিতে নাম লিখিয়েছে এবং পেশাদারি প্রশিক্ষণ ও চাকরির কোচিং পেয়েছে। অংশগ্রহণকারীদের মধ্যে তিনজন এখন কর্মসূচির অ্যালামনাই এবং নিজেদের ক্ষেত্রে চাকরি নিশ্চিত করেছে, তাদের মধ্যে দুইজন মানবসম্পদ (Human Resources, HR) খাতে (একজন নিয়োগকারী হিসেবে এবং আরেকজন HR সহকারী হিসেবে) চাকরি পেয়েছে এবং তৃতীয়জন দোভাষী আইনি সহকারী হিসেবে আইনি খাতে চাকরি পেয়েছে।

  - আগামী তিন বছর ধরে সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদেরকে মোট 4.38 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অর্থায়িত অনুদান প্রদান করার জন্য গত সপ্তাহে গভর্নর হোকল প্রফেশনাল পাথওয়েজ কর্মসূচি সম্প্রসারণ করার ঘোষণা করেন।

- **ONA হটলাইন কয়েকশত ইউক্রেন সম্পর্কিত অভিবাসন সম্পর্কিত বিষয়ে প্রশ্নের উত্তর দিয়ে সহায়তা করেছে:**

  - ইউক্রেন সম্পর্কিত প্রশ্ন নিয়ে ONA হটলাইনে আসা ফোনকলের সংখ্যা: 602

- অভিবাসন সম্পর্কিত সেবার রেফারেলের সংখ্যা (দ্রষ্টব্য: একটি ফোন কল থেকে একাধিক রেফারেল আসতে পারে): 767
- যে সংখ্যক ব্যক্তিকে তথ্য প্রদান করা হয়েছে: 239

**<u>অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA)</u>**

- নভেম্বর মাসে, গভর্নর হোকল ঘোষণা করেন যে রাশিয়ার সামরিক হামলার ফলে দেশ থেকে পালানো ইউক্রেনের অধিবাসীদের সাময়িকভাবে নিউ ইয়র্ক স্টেটে বসতি স্থাপন করতে সাহায্য করার জন্য 21.4 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে। বাস্তুচ্যুত হয়ে বর্তমানে নিউ ইয়র্কে বসবাসরত ইউক্রেনের অধিবাসীদের সহায়তা করার জন্য স্টেটব্যাপী 17টি উদ্বাস্তু সেবাপ্রদানকারীরা এই তহবিল ব্যবহার করবে। রাশিয়ার হামলা শুরু করার পর থেকে, ফেডারেল সরকারের ইউক্রেনের জন্য ঐক্যবদ্ধ (Uniting for Ukraine) কর্মসূচির মাধ্যমে আনুমানিক 75,000 মানুষ ইউক্রেন থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছে যার মধ্যে আনুমানিক 14,000 নিউ ইয়র্কে আছে।
- 28,000 নিউ ইয়র্ক বাসিন্দা একজন ব্যক্তিকে স্পন্সর করার জন্য স্বেচ্ছায় এগিয়ে এসেছে, সংখ্যাটি অন্য সকল স্টেট থেকে বেশি।

**<u>আর্থিক পরিষেবা বিভাগ (DFS):</u>**

মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা ও ভোক্তাদের সুরক্ষা দিতে, DFS এর পূর্বে রাশিয়ার ইউক্রেন হামলার 24 ঘণ্টার মধ্যে নির্দেশনা জারি করেছে, যেখানে পুনরায় বলা হয়েছে যে নিয়ন্ত্রিত এনটিটিগুলিকে অবশ্যই রাশিয়াতে মার্কিন যুক্তরাষ্ট্রের স্যাংশন সম্পূর্ণ মান্য করতে হবে এবং একই সাথে নিউ ইয়র্ক স্টেট ও ফেডারেল আইন মানতে হবে যার মধ্যে রয়েছে বিভাগের সাইবার সিকিউরিটি এবং ভার্চ্যুয়াল মুদ্রা নিয়ন্ত্রণ।এছাড়াও DFS রাশিয়ার বিরুদ্ধে বিভাগের স্যাংশন প্রয়োগ জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করেছে, যার মধ্যে আছে ত্বরান্বিতভাবে বাড়তি ব্লকচেইন বিশ্লেষণ প্রযুক্তি সংগ্রহ করা। এই হাতিয়ারসমূহ রাশিয়ান স্বতন্ত্র ব্যাংক, এবং বাইডেন প্রশাসনের স্যাংশন করা অন্যান্য এনটিটির কাছে DFS লাইসেন্সকৃত ভার্চ্যুয়াল মুদ্রা ব্যবসার ক্ষেত্রে উন্মোচন সনাক্ত করার ব্যাপারে DFS এর সক্ষমতা বৃদ্ধি করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418